

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩  
৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০০৯.১৭- ৭০৩

তারিখ: ২৬.০৯.২০১৭ খ্রি.

বিষয়: বারিন্দা শেখপাড়া ইসলামিয়া ফাজিল মাদরাসার গভর্নিং বডিতে বিদ্যোৎসাহী সদস্য (ডিজির প্রতিনিধি) মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: (১) বারিন্দা শেখপাড়া ইসলামিয়া ফাজিল মাদরাসার স্মারক নং- অধ্যক্ষ এর আবেদন।

তারিখ: ২২.০৭.২০১৭ খ্রি.

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪

তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, বারিন্দা শেখপাড়া ইসলামিয়া ফাজিল মাদরাসার গভর্নিং বডিতে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একজন বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের নিমিত্ত সূত্রোক্ত ১ নং স্মারকের মাধ্যমে মহোদয় কর্তৃক ০৩ (তিন) জনের নামের প্রস্তাব সম্বলিত একটি আবেদন দাখিল করা হয়েছে।

০২. দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র ও তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় -

(ক) বিদ্যোৎসাহী সদস্য প্রাপ্তির নিমিত্ত প্রস্তাবিত তালিকাঙ্ক ১ম ব্যক্তি জনাব মো: আ: মজিদ মন্ডল এস.এস.সি পাশ একজন ব্যক্তি। তিনি নিয়মিত ছাত্র জায়গীর রাখেন ও জায়গীরের ব্যবস্থা করে থাকেন, আর্থিক অনুদান হিসেবে মাদরাসায় ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা প্রদান করেন এবং মাদরাসার শিক্ষার মান উন্নয়নে শ্রেণি কক্ষে প্রবেশ করে শিক্ষার্থীদের লেখা পড়ার খোঁজ-খবর নেন মর্মে বর্ণিত মাদরাসার অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদন পত্রে উল্লিখিত হয়েছে বিধায় তিনি (জনাব মো: আ: মজিদ মন্ডল) বিদ্যোৎসাহী সদস্য হিসেবে কার্যকর ভূমিকা পালন করতে পারবেন মর্মে প্রতীয়মান হয়।

(খ) তাঁর (জনাব মো: আ: মজিদ মন্ডল) অনুকূলে সভাপতি ও অধ্যক্ষ, বারিন্দা শেখপাড়া ইসলামিয়া ফাজিল মাদরাসা এর সুপারিশ রয়েছে।

০৩. এমতাবস্থায় বর্ণিত বিষয়গুলো বিবেচনায় এনে সূত্রোক্ত ২নং স্মারকের ১৬ নং অনুচ্ছেদে (ফাযিল ও কামিল মাদরাসায় বিদ্যোৎসাহী সদস্য পদে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন দান) বর্ণিত ক্ষমতা বলে জনাব মো: আ: মজিদ মন্ডল, পিতা: মরহুম- অছির মন্ডল, গ্রাম: বারিন্দা ডাক: গাংগুরিয়া, উপজেলা: পোরশা, জেলা: নওগাঁ -কে উক্ত মাদরাসার গভর্নিং বডির বিদ্যোৎসাহী সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন দেয়া হলো।

  
26.09.17  
(মোঃ আফাজ উদ্দীন)

সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং- ৯৩৪৫৮৮০

ই-মেইল-[dgdmeb@gmail.com](mailto:dgdmeb@gmail.com)

অধ্যক্ষ,

বারিন্দা শেখপাড়া ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাক: গাংগুরিয়া, উপজেলা: পোরশা, জেলা: নওগাঁ।

অনুলিপি:

১. সচিব, কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা

২. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ধানমন্ডি, ঢাকা।

৩. সভাপতি, বারিন্দা শেখপাড়া ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাক: গাংগুরিয়া, উপজেলা: পোরশা, জেলা: নওগাঁ।

৪. জনাব মো: আ: মজিদ মন্ডল, পিতা: মরহুম- অছির মন্ডল, গ্রাম: বারিন্দা ডাক: গাংগুরিয়া, উপজেলা: পোরশা, জেলা: নওগাঁ।

৫. অফিস কপি।